
দৈনিক সংবাদ

তারিখ MAY 3 1999
পৃষ্ঠা ৪ কলাম ৫

২৭



# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ক্লাস বৃদ্ধির জন্য মাননীয় উপাচার্য সমীপে আবেদন

একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় শিক্ষিত জাতি গঠনের জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাহার মহান দূরদর্শী নেতৃত্বে বিভিন্ন গণমুখী পদক্ষেপ গ্রহণ করে বাংলাদেশের সব শ্রেণীর মানুষের মাঝে সংহতি, শিক্ষা, উন্নতি, ও জাতীয় ঐকমত্যের মানসিকতার শ্রেণীবৃদ্ধিতে সুদূরপ্রসারী সুফল বয়ে এনেছে। তাহার এই বাস্তবমুখী নীতিমালা ও কার্যক্রমের মাধ্যমে দেশের স্কুল-কলেজ, বিশ্ববিদ্যালয়গুলো বিপুলভাবে প্রসারিত ও আশার আলোয় আন্দোলিত। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এসএসসি/এইচএসসি/কম্পিউটার সায়েন্স এবং বিভিন্ন প্রোগ্রাম চালু করে এ দেশের মানুষের শিক্ষার পথ সুগম হয়েছে তা বলার অপেক্ষা রাখে না। এতে আমরা সত্যিই আনন্দিত ও গর্বিত। বর্তমানে প্রতি মাসে দুইটি কাজ করানো হয়। কলেজের শিক্ষক মহোদয়গণ সময়ের অভাবে খুব দ্রুত কোর্স সম্পন্ন করার প্রস্তুতি নিয়েছেন। যার পরিপ্রেক্ষিতে অনেক ছাত্র-ছাত্রীদের বাউবি কর্তৃপক্ষ দেয় পুস্তকের পড়াগুলো বোঝার অনেক অনেক অসুবিধা হচ্ছে। যদি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মাসে ৪টি ক্লাস নেওয়ার ব্যবস্থা রাখতেন তাহলে কলেজের শিক্ষকগণ ধীরে ধীরে কোর্স সম্পন্ন করতে পারতেন এবং ছাত্রছাত্রীদের পড়াশুনার যথেষ্ট উন্নতি হতো। অল্প সময়ের মধ্যে শিক্ষকগণ কোর্স শেষ করেন তবে ছাত্রছাত্রীরা বিশ্ববিদ্যালয় দেয় পুস্তকের পড়াগুলো ভালভাবে বুঝতে পারবে না এবং পরীক্ষায় কৃতকার্য হওয়া বড়ই কঠিন হয়ে পড়বে তাতে কোন সন্দেহ নেই। এই প্রোগ্রামে অধ্যয়নরত অনেক ছাত্রছাত্রী আছেন যারা চাকরিজীবী— সময়ের অভাবে রেডিও, টিভি প্রোগ্রাম দেখতে পারেন না, অনেকে টাকার অভাবে প্রাইভেট শিক্ষক রেখে পড়াশুনো করতে পারে না। তাই আমাদের দরকার কলেজের শিক্ষকের নিকট হতে ভালো শিক্ষা গ্রহণ করা। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এইচএসসি প্রোগ্রাম চালু করে যেভাবে এ দেশে বিভিন্ন পেশাজীবী ও মেহনতি মানুষের শিক্ষার পথ সুগম করে দিয়েছে। তেমনি এ শিক্ষার পথ আরো সুগম করার লক্ষ্যে আমাদের দুটি ক্লাস বৃদ্ধি করার জন্য মাননীয় উপাচার্য মহোদয়ের নিকট সবিনয় অনুরোধ জ্ঞাপন করছি। যাতে করে কলেজের শিক্ষক মহোদয়গণ আমাদের ক্লাসের মাধ্যমে সকল ছাত্রছাত্রীদের ধাপে ধাপে এগিয়ে দিয়ে শিক্ষার আলোর প্রদীপ জ্বালিয়ে দিতে পারবেন। এই আশা ব্যক্ত করে মাসিক আরো দুইটি ক্লাস বৃদ্ধি করার জন্য মাননীয় উপাচার্য মহোদয় সমীপে আবেদন জানাচ্ছি।

ছাত্রছাত্রীদের পক্ষে,
মোঃ হাবিবুর রহমান,
ছাত্র, বাউবি।
মোহাম্মদপুর কেন্দ্রীয় বিশ্বঃ বিঃ কলেজ